center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

ফেব্রুয়ারি - ২০২২, মাঘ - ১৪২৮, রজব - ১৪৪৩ | সংখ্যাঃ ২২

## বিক্রমপুরে জীবিকা প্রকল্পের সফল বাস্তবায়ন

চৌদ্দ বছরের পদযাত্রায় সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট–সিজেডএম এ বছর সম্পন্ন করল আরো একটি জীবিকা প্রকল্প। সিজেডএম মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার উত্তর হলদিয়া গ্রামে জীবিকা উন্নয়ন কার্যক্রম শুরু করে নভেম্বর ২০১৬ সালে। আর সম্পন্ন হলো ২০২১ সালের ৩১ অক্টোবর। বিগত পাঁচ বছরে এ প্রকল্পে সুবিধাভোগীদের দেয়া হয় খাদ্য সহায়তা, নতুন ঘর, শীতবস্ত্র, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নিরাপদ পানির জন্য টিউবওয়েল, ব্যবসার মুলধন, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন, পুষ্টি উন্নয়ন, শিশু শিক্ষা, স্বাস্থ্যসেবা ইত্যাদি। মোট ৬৪৫৪ জন রোগী এমবিবিএস ডাক্তারের পরামর্শ ও বিনামূল্যে ওষুধ পেয়েছে। মোট ৫১০ টি পরিবারের ২০০৮ জন যাকাতগ্রহীতা এসব সহায়তা পেয়ে সুন্দরভাবে বাঁচার পথ খুঁজে পেয়েছে। সেখানে একটি প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র পরিচালনা করা হয়েছে। ৭ টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ২১০ জন ছাত্র-ছাত্রী শিক্ষার পাশাপাশি পুষ্টিকর খাবার ও পোশাক পেয়েছে। উল্লেখ্য যে, প্রকল্প সমাপ্তির পর প্রত্যেক পরিবার গড়ে ২৫-৩৫ হাজার টাকা সঞ্চয় ফেরত নিয়ে ব্যাংক হিসাব খুলেছে।



## ৫০৪ টি দুঃস্থ পরিবারকে মাসে ১৪০০ টাকার খাদ্য সরবরাহ



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সেবামূলক কার্যক্রমের আওতায় অসহায় ও উপার্জনে অক্ষম দুঃস্থ পরিবারগুলোকে খাদ্য সরবরাহ করে থাকে। সংস্থাটি বিগত পাঁচ বছর ধরে তাদের ইনসানিয়াত প্রোগ্রামের আওতায় উপার্জন করার মতো লোক নেই এমন ৫০৪ টি পরিবারকে মাথাপিছু মাসিক ১৪০০ টাকা মূল্যমানের খাদ্য সামগ্রী যেমন-চাল, ডাল, তেল, লবন ইত্যাদি তাদের বাড়িতে পৌঁছে দিচ্ছে। যারা এ সাহায্য পাচ্ছে তারা এতে বেশ খুশি। এক সাক্ষাৎকারে সুবিধাভোগীদের একজন জানান, 'সিজেডএম আমাদের পাশে দাঁড়ানোতে আমরা বাঁচার পথ খুঁজে পেয়েছি। আমরা এসব খাদ্য সামগ্রী পেয়ে যেমন উপকৃত হচ্ছি, তেমনি আমরা এ সংস্থার প্রতিও কৃতজ্ঞ। আমাদের আনন্দ প্রকাশের ভাষা নেই। এটা না হলে হয়তো আমাদের না খেয়েই থাকতে হতো'।

## জটিল রোগের জন্য দরিদ্র রোগীদের ওষুধ সরবরাহ



মানুষের রোগ শোক থাকবেই। এ নিয়েই পথ চলতে হয়। হ্যাঁ, কিছু রোগ আছে যার চিকিৎসা হলো নিয়মিত ওষুধ সেবন। বহু পরিবার রয়েছে যাদের পরিবারের কোন না কোন সদস্য এমন জটিল রোগে আক্রান্ত যার চিকিৎসার ব্যয়ভার বহন করা তাদের পক্ষে অসম্ভব। এসব পরিবারের পাশে দাঁড়িয়েছে সিজেডএম। তাদের Medicine Support for Chronic Patients প্রকল্পের আওতায় রোগীদের মধ্যে এ সহায়তা দেয়া হয়। এ প্রকল্পের আওতায় যে সব রোগীদের নিয়মিত ওষুধ সেবন করতে হয় তাদেরকে প্রতি মাসে নির্দিষ্ট ওষুধ বিনামূল্যে প্রদান করা হয়। বর্তমানে ৩৯৬ জনকে এ সহায়তা দেয়া হয়েছে। সুবিধাপ্রাপ্তদের কয়েকজন দেয়া সাক্ষাৎকারে তাদের অনুভূতি ব্যক্ত করেন এবং এ রকম একটি অতি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সিজেডএমকে ধন্যবাদ জানান। রমেছা বলেন, আল্লাহর বিশেষ রহমত হিসেবে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট আমাকে সাহায্য না করলে সুস্থভাবে বেঁচে থাকা কঠিন হতো।

## ভোকেশনাল ট্রেনিং সেন্টারে প্রশিক্ষণ নিয়ে জীবন গড়েছেন যারা





সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট দেশের ৭টি এলাকায় ভোকেশনাল ট্রেনিং সেন্টার স্থাপন করে সমাজে পিছিয়ে পড়া নারীদের বেঁচে থাকার পথ করে দিয়েছে। এসব কেন্দ্রে পোশাক তৈরি ও সেলাইয়ের কাজ শেখানো হয়। এটা শিখে মেয়েরা নিজেই বৃত্তি হিসেবে টেইলারিং শপ খুলতে পারে অথবা বাড়িতে বসেই ড্রেস মেকিং ও সেলাইয়ের মাধ্যমে রোজগার করতে পারছে। ভিটিসি ফরিদপুর মুসলিম মিশন থেকে ৩৩৯ জন এবং ভিটিসি সৈয়দপুর ও ঠাকুরগাঁও থেকে ৩৩৭ জন নারী ড্রেস মেকিং ও টেইলারিং শিখে সমাজে স্থান করে নিয়েছেন। ইনস্টিটিউট অফ টেকনোলজি থেকে ২২৫ জন প্রশিক্ষণ গ্রহণ করে পথের দিশা পেয়েছেন। ভিটিসি সাভার থেকে ১১৮ জন ড্রেস মেকিং ও টেইলারিং শিখে কাজ খুঁজে পেয়েছেন। তাদের আর কারো মুখাপেক্ষী হতে হচ্ছে না। ভিটিসি ব্রাহ্মণবাড়ীয়া থেকে ৯৮ জন এবং ভিটিসি টঙ্গী থেকে ২০ জন একই প্রশিক্ষণ নিয়ে নিজেরা স্বাবলম্বী হওয়ার পথ খুঁজে পেয়েছেন। কুমিল্লার ভিটিসি ব্রাহ্মণ পাড়া কেন্দ্র থেকে ২০ জন বর্তমানে প্রশিক্ষণ গ্রহণ করছে। তারাও প্রশিক্ষণ শেষে কর্মে নিযুক্ত হবে বলে আশা করা যায়। এই প্রকল্পের আওতায় মোট ১১৩৭ জন প্রশিক্ষণ গ্রহণ করে স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করতে সক্ষম হয়েছেন।

## জিনিয়াস প্রোগ্রামের আওতায় ১৬০০ ছাত্র ছাত্রীর মধ্যে বই বিতরন

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট-এর জিনিয়াস বৃত্তি কর্মসূচির আওতায় বহু সুবিধাবঞ্চিত প্রতিভাবান ছাত্র-ছাত্রী শিক্ষার সুযোগ পেয়ে ভবিষ্যতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে উঠে দেশ সেবায় ব্রতী হতে পারছে। এ কর্মসূচির আওতায় বর্তমানে ৩৬০০ ছাত্রছাত্রীকে প্রতিমাসে ৩০০০ হাজার টাকা করে বৃত্তি দেয়া হচ্ছে। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ে এ বৃত্তি কর্মসূচি চালু রয়েছে। বৃত্তি সহযোগিতার পাশাপাশি এ সকল ছাত্র ছাত্রীদের দক্ষ এবং সুনাগরিক হিসেবে গড়ে তুলবার জন্য ২৪ টি ক্যাপাসিটি বিল্ডিং সেশনসহ সকলকে মূল্যবান বই প্রদান করা হয়। সম্প্রতি এরূপ ১৬০০ ছাত্র ছাত্রীদের মাঝে সফলভাবে বই বিতরন সম্পন্ন করেছে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট।




## বিভিন্ন জেলায় নিরাপদ খাবার পানির জন্য নলকূপ স্থাপন

নিরাপদ পানির সরবরাহ পাওয়া জনগণের অধিকার। অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশে এ কাজটা সহজ নয়। দেশের বিভিন্ন জেলায় বিশুদ্ধ খাবার পানির জন্য ১৩৩ টি নলকূপ স্থাপন করে মানুষের নিত্য প্রয়োজনীয় সুপেয় পানির ব্যবস্থা করে দিয়েছে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট। জেলাগুলো হলো নোয়াখালী, কুমিল্লা, মুন্সিগঞ্জ, পটুয়খালী, বরিশাল, কিশোরগঞ্জ, নওগাঁ, লালমনিরহাট, রাজশাহী ইত্যাদি। এ ছাড়া সাতক্ষীরার সুন্দরবন সংলগ্ন এলাকায় সুপেয় পানি সহজলভ্য নয় বিধায় দরিদ্র পরিবারগুলোর চাহিদা মোতাবেক ৫০০ লিটার ধারণক্ষমতা সম্পন্ন ৯০০ টি পানির কনটেনার বিতরণ করা হয়েছে। নোয়াখালীর সোনাইমুড়ি উপজেলায় পানিতে অতি মাত্রায় আর্সেনিক ও আয়রণ থাকায় সেখানে অত্যাধুনিক প্রযুক্তির পানির ফিল্টার বসানোর কাজ হাতে নিয়েছে সিজেডএম।



## আশ্রয়হীনদের জন্য সিডেজএম-এর বাসস্থান নির্মাণ প্রকল্প



বাংলাদেশে অতি দরিদ্র মানুষের সংখ্যা অনেক। তাদের অনেকেরই নেই বসবাসের উপযোগী বাসস্থান। এ রকম কিছু লোককে মাথা গোঁজার ঠাই করে দিয়েছে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট। বিগত কয়েক বছরে Support for House Construction কর্মসূচির আওতায় এ পর্যন্ত ৯১ টি গৃহ নির্মাণ করে দিয়েছে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট। আরো ১০০ টি গৃহ নির্মান কাজ শুরু হয়েছে। একেকটি গৃহ নির্মাণে ১ লক্ষ ২০ হাজার থেকে ১ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয় হয়।

## সিজেডএম এর উদ্যোগে শীতবস্ত্র ও কম্বল বিতরণ

শীতকাল গরীবদের জন্য বেশ দুর্ভোগ নিয়ে আসে। দরিদ্র জনসাধারণ শীত বস্ত্রের অভাবে খড়কুটো জ্বালিয়ে শীত থেকে বাচাঁর চেষ্টা করে। তাদের জন্য শীতবস্ত্র ও কম্বল আশীর্বাদ বয়ে আনে। এরূপ শীতবস্ত্রের যোগান দিয়ে দুঃস্থ মানুষের শীতের কষ্ট লাঘবের চেষ্টা চালিয়ে যাচ্ছে সিজেডএম। তারা এ বছর দেশের বিভিন্ন জেলায় ১১ হাজার শীতার্তদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেছে। উল্লেখ্য যে, সংস্থাটি গত কয়েক বছরে দেশের বিভিন্ন জেলায় ৫৯ হাজার ১৭২ টি শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেছে।





## চোখ ও ইএনটি রোগীদের সেবায় সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

দেশে চোখের ছানি অপারেশন করাতে না পারায় বহু দরিদ্র মানুষ চোখের দৃষ্টি হারায় বা কম দেখতে পায়। সেন্টার ফর যাকাত ম্যানেজম্যান্ট চোখের রোগ সারিয়ে তুলতে এ ধরনের রোগাক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা করার ব্যবস্থা নেয়। বিভিন্ন জেলায় সিজেডএম  চোখের ছানিপড়া রোগীদের বিনামূল্যে সার্জারী বা চিকিৎসার ব্যবস্থা করেছে। এ ছাড়া তাদেরকে চশমাও প্রদান করেছে। অপরদিকে নাক, কান, গলার (ইএনটি) বিভিন্ন জটিল রোগে আক্রান্ত ব্যক্তিদের  চিকিৎসার উদ্যোগ নিয়েছে। বিশেষ করে যারা কানে কম শোনেন বা এ জাতীয় রোগে ভুগছিলেন এমন রোগীদের চিকিৎসা এবং প্রয়োজন মাফিক তাদের জন্য হিয়ারিং ডিভাইস সরবরাহ করেছে। সিজেডএম এ পর্যন্ত ১২৯৫ জন চোখ ও ইএনটি রোগীর চিকিৎসা সহায়তা দিয়েছে। এছাড়া ৯৮ জন অন্ধ শিক্ষার্থীর জন্য বৃত্তি বা পুরস্কারের ব্যবস্থা করা হয়েছে।



## জটিল রোগের বিশেষায়িত হাসপাতালে চিকিৎসা কর্মসূচি




সিজেডএম দেশের বিভিন্ন এলাকায় ৫০টি ফেরদৌসি প্রাথমিক চিকিৎসা কেন্দ্র পরিচালনা করছে। এসব কেন্দ্রে প্রধানত সুবিধাবঞ্চিত নারী ও শিশুরা বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ পেয়ে থাকে। কিন্তু জটিল রোগ যেমন সার্জারী, ক্যানসার, কিডনী রোগ, হৃদরোগ ইত্যাদি চিকিৎসার জন্য রোগীদের বিশেষায়িত হাসপাতালে চিকিৎসা নিতে হয়। দরিদ্র রোগীদের জন্য তা বেশ কঠিন হয়ে দাঁড়ায়। রেফারেল মেডিকেল ট্রিটমেন্ট কর্মসূচি নিয়ে তাদের পাশে দাঁড়িয়েছে সিজেডএম। এ পর্যন্ত দেশের বিভিন্ন জেলার দরিদ্র ২০৯৬ জন জটিল রোগী রেফারেল ট্রিটমেন্ট সুবিধা পেয়েছে। এর মধ্যে প্রায় ৩০ টি শিশু জন্মজনিত হৃদরোগের চিকিৎসা পেয়েছে। বহু শিশু, নারী, পুরুষ, বৃদ্ধ-বৃদ্ধা অনেকেই উপকৃত হয়েছেন, বেঁচে থাকার পথ খুঁজে পেয়েছেন।

## পাটজাত পণ্য তৈরির প্রশিক্ষণ দিচ্ছে সিজেডএম





সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) - এর আয়োজনে জীবিকা উন্নয়ন কেন্দ্র সাভার প্রকল্পের সদস্যদের নিয়ে ২০ দিন ব্যাপি পাটের বিবিধ পণ্য তৈরির প্রশিক্ষণ প্রদান করা হয়। আগে পাট দিয়ে শুধু বস্তা তৈরী হলেও এখন পাট দিয়ে প্রায় ৩০০ রকম পণ্য তৈরী হচ্ছে। পরিবেশ দূষণরোধ, পাটের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধি এবং সর্বোপরি প্রকল্পের সুবিধাভোগীদের উদ্যেক্তা তৈরির মাধ্যেমে স্বাবলম্বী করবার লক্ষ্যে সিজেডএম ৪৫ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করেছে। ইতোমধ্যে প্রশিক্ষণ গ্রহনকারীরা স্কুল ছাত্রছাত্রীদের জন্য ৫০০ টি ব্যাগ তৈরির অর্ডার পেয়েছে। উল্লেখ্য, অত্র এলাকার ৫১০টি হতদরিদ্র পরিবারকে স্বাবলম্বী করবার লক্ষ্যে সিজেডএম জীবিকা নামক সমন্বিত প্রকল্প বাস্তবায়ন করছে।


center for zakat management
CZM

**সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট**

বাড়ী-২৬, রোড-৭, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।

+৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬

info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org

center for zakat management
CZM

# ZAKAT

A Newsletter of
Center for Zakat Management

February 2022, Magh - 1428, Rajab 1443 | Issue 22

## Successful Implementation of Livelihood Project in Bikrampur

Center for Zakat Management (CZM) completed another major livelihood project this year. CZM started a livelihood development activities in North Haldia of Louhjong Upazila of Munshiganj District in November 2016 and it was completed on October 31, 2021. In five years tenure, the project provided food aid, new houses, winter cloths, skills development training, tubewells for safe water, business capital, hygiene latrines, nutrition development, child education, healthcare etc. Total 6454 nos. patients received consultation services from MBBS doctor and free medicine. As many as 2008 Zakat recipients (Mustahik) from 510 households found their way to improve their life standard with these assistance. CZM provided different services through one primary healthcare center and six pre-primary education centers. As many as 210 nos. students have received nutritious food and clothing besides education. After completion of the project the members got refund of 25000-35000 per family and deposited this savings to new bank accounts.



## Food Deliveries to 504 nos. Destitute Families



Center for Zakat Management provides food to unproductive destitute and needy families under its service activities. For the past five years, the organization has been delivering food items such as rice, pulses, oil, salt etc. worth Tk. 1400 per head per month to 504 nos. people under the Insaniat program.

## Regular Supply of Medicines to Poor Patients for Complex Diseases



There must have some kind of diseases of human lives. However, treatment of these diseases need regular medication. There are many families where one or the other member of the family suffers from a complex disease and treatment of it is impossible for them to afford. CZM stands by these families. This assistance was given to the patients under the project of Medicine Support for Chronic Patients. Under this scheme, all the patients who have to take regular medicines are given certain listed medicines free of cost every month. So far 396 nos. people have been given this assistance.

# Vocational Training for Employment of the Needy





Center for Zakat Management has set up vocational training centers in seven areas of the country, providing a way for the unemployed men & women for income generating activities. Dress making and sewing are taught in these centers. As many as 339 nos. women from VTC Faridpur Muslim Mission and 337 nos. womens from VTC Syedpur and Thakurgaon learned dress making and tailoring. Besides, 225 nos. people have received training from Institute of Technology sponsored by CZM. From VTC Savar, 118 nos. women have found work by learning dress making and tailoring. They don't have to depend on anyone else. 98 nos. womens from VTC Brahmanbaria and 20 nos. from VTC Tongi have taken place in the society as manpower with the same training. At present 20 nos. womens are receiving training from VTC Brahman Para at Cumilla. They are also expected to be employed at the end of the training. A total of 1137 nos. people have been trained under this project.

## Distribution of Stipends & Books among 1600 Students

Under the Genius Scholarship Program many underprivileged talented students have been able to get education and become skilled manpower in the society. At present 3600 nos. students are being given scholarships of Taka 3000 per month. This scholarship program is running in all the public universities, medical colleges and engineering universities of the country. In addition to the scholarship, valuable books were provided to all these students and capacity building sessions were held to develop their skill and made them good citizens. This year, Center for Zakat Management has successfully distributed books among 1600 nos. such students.




## Installation of Tube Wells for Safe Drinking Water

People have the right to have access to safe drinking water. This is not an easy task in Bangladesh, a country with a large size of population. Center for Zakat Management has set up tube wells for drinking water in different districts of the country. The districts are Noakhali, Cumilla, Munshiganj, Patuakhali, Barisal, Kishoreganj, Naogaon, Lalmonirhat, Rajshahi etc. Apart from this, 900 pieces water containers with the capacity of 500 liters have been distributed as per the demand of poor families as safe drinking water is not readily available in the Sundarbans area of Satkhira. CZM has undertaken the task of installing water filters with modern technology in Sonaimuri Upazila of Noakhali as the water contains high levels of arsenic, clorine and iron.



## House Construction Project for Homeless



There are a lot of extreme poor people in Bangladesh who do not have suitable accommodation. Center for Zakat Management has extended its program for such people. In the last few years, CZM has so far constructed 91 nos. houses for the homeless people. The construction of each house costs 1 lac 20 thousands to 1 lac 80 thousands Taka. Another 100 nos. houses are being constructed in phases.

## Distribution of Winter Clothes and Blankets

Winter brings a lot of difficulties for the poor. Poor people try to escape the cold by burning haystacks due to lack of winter clothes. Winter clothes and blankets bring blessings for them. CZM has been trying to alleviate the winter sufferings of the poor people by providing such winter clothes. This year, they have distributed winter clothes and blankets among 11,000 nos. people in different districts of the country. It may be mentioned that it has distributed 59,162 pieces of winter clothes and blankets in different districts of the country in the last few years.






## Treatment for Eye and ENT Patients

Many poor people in the country lose their eyesight or vision less because they do not done scope for cataract surgery. CZM has provided free surgery or treatment to cataract patients in different districts. It also provided them spectacles. On the other hand, CZM has taken initiative to treat people suffering from various complex diseases of ear, nose and throat (ENT). Hearing devices have been provided especially for those who are hearing impaired or suffering from such diseases. CZM has so far provided medical assistance to 1295 nos. eye and ENT patients. Besides, scholarships or prizes have been arranged for 98 nos. blind students.



## Referral Services at Specialized Hospitals



CZM operates 50 nos. Ferdousi Primary Healthcare Centers in different parts of the country. In these centers mainly disadvantaged women and children get free treatment and medicine. But for the treatment of complex diseases like surgery, cancer, kidney disease, heart disease etc., patients have to seek treatment in specialized hospitals. It is quite difficult for poor patients to take treatment at specialized hospital with high cost. CZM stands by them with the referral medical treatment program. So far 2096 nos. poor patients from different districts of the country have received referral treatment facility. Of these, about 30 nos. children have received treatment for congenital heart diseases. Many children, women, and old people have benefited and found a way to survive.

## CZM Is Imparting Training in Making Jute Products





Center for Zakat Management (CZM) organized a 20-days training for unemployed women for making various jute products at Jeebika Savar Project. Earlier only sacks were made from jute, but now about 300 kinds of products are being produced from jute. CZM has provided training to 45 nos. women to increase the internal use of jute and make the beneficiaries of the project self-reliant through entrepreneurship. The trainees have already received orders to make 500 nos. bags for school children. It may be mentioned that CZM has been implementing an integrated project called Jeebika to make 510 nos. extreme poor families for their self-sufficieny in this area.

center for zakat management
CZM

**Center for Zakat Management (CZM)**

House- 26, Road- 07 Block- C, Niketon, Gulshan-1, Dhaka -1212

+880 2 222298255, 01729 296 296

info@czm-bd.org fb.com/czm.org www.czm-bd.org